

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
এমআরটি (ডিটিসিএ এলাকা)
www.rthd.gov.bd



স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৬৫.১৪.০১২.১৮.৬৭

তারিখ: ২২ বৈশাখ ১৪২৭

০৫ মে ২০২০

বিষয়: করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতিতে সামাজিক দূরত্ব মেনে স্বাস্থ্য সেবা বিভাগের স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন রাষ্ট্রীয় জনগুরুত্বপূর্ণ মেগা প্রকল্প ও অন্যান্য অগ্রাধিকার প্রকল্পসমূহের কাজ চলমান রাখা সংক্রান্ত।

- সূত্র: ১. মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯-১৪২ তারিখঃ ২২.০৩.২০২০
২. স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং-৪৫.০০.০০০০.১৬০.৯৯.০০২.২০.২২২ তারিখঃ ২৩.০৩.২০২০
৩. জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১১০.০০.০৪০.২০-৩৪৩ তারিখঃ ২৩.০৩.২০২০
৪. জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭.-১০৮ তারিখঃ ২৩.০৩.২০২০
৫. এ বিভাগের স্মারক নং-৩৫.০০.০০০০.০০৮.১৮.০০৪.১৫-৪৪৮ তারিখঃ ২৫.০৩.২০২০
৬. মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং ০৪.০০.০০০০.৫১৪.০৬.০০২.২০-৯৩, তারিখ: ০৪.০৫.২০২০

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস সংক্রমণ নিয়ন্ত্রণের লক্ষ্যে সময়ে সময়ে সরকার কর্তৃক জারিকৃত সূত্রোক্ত নির্দেশনাসমূহের আলোকে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে জরুরি পণ্য পরিবহন ও অন্যান্য জরুরি পরিষেবা চালু রাখা এবং সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন মহাসড়ক নেটওয়ার্কের জরুরি মেরামত, সংস্কার ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার জন্য এ বিভাগ থেকে ৫ নং সূত্রোক্ত পত্রের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)। ৪ নং স্মারকে উল্লিখিত জরুরি প্রয়োজনে অফিস খোলা রাখার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের যে নির্দেশনা তা পালন করা হচ্ছে।

০২। এমতাবস্থায়, দেশের উন্নয়নের স্বার্থ বিবেচনায় এবং বাস্তব প্রয়োজনীয়তার নিরিখে বিদ্যমান পরিস্থিতিতে প্রকল্পের কাজের ধারাবাহিকতা বজায় রাখার নিমিত্ত সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতায় বাস্তবায়নাত্মক মেট্রোরেলসহ মেগা প্রকল্প ও অন্যান্য প্রকল্পসমূহের কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে সামাজিক দূরত্ব নিশ্চিত করে স্বাস্থ্য সেবা বিভাগের জারিকৃত স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক অব্যাহত রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

৫-৫-২০২০

বিনা রানী দাস

সহকারী সচিব

বিতরণ :

- ১) প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব), প্রধান প্রকৌশলীর দপ্তর,
সড়ক ও জনপথ অধিদপ্তর
২) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী
লিমিটেড


স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৬৫.১৪.০১২.১৮.৬৭/১(১০)

তারিখ: ২২ বৈশাখ ১৪২৭

০৫ মে ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিব অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ২) নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ
- ৩) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৪) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৫) অতিরিক্ত সচিব, এস্টেট অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৬) অতিরিক্ত সচিব, আরবান ট্রান্সপোর্ট অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৭) অতিরিক্ত সচিব, বাজেট অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৮) যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), এমআরটি অধিশাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ৯) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
- ১০) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ



৫-৫-২০২০

বিনা রানী দাস

সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd



করোনাভাইরাস প্রতিরোধ ও মোকাবেলায় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং দিক নির্দেশনা প্রদানের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জাহিদ মালেক, এমপি
মন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

সভার স্থান : নতুন ভবন, স্বাস্থ্য অধিদপ্তর, টিবি গেইট, মহাখালী, ঢাকা।

সভার তারিখ : ২১-০৩-২০২০ খ্রিঃ

সভার সময় : সকাল ১১.০০ টা

উপস্থিতি : উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশ করা হলো।

১.১. সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ এ সভা আহ্বানের প্রেক্ষাপট বর্ণনা করে সভাপতি মহোদয়কে সভার দিক নির্দেশনামূলক বক্তব্য উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

১.২. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বলেন মাননীয় প্রধানমন্ত্রী করোনাভাইরাস বিষয়ে প্রতিদিন খোজখবর নিচ্ছেন এবং পরামর্শ দিচ্ছেন। তিনি বলেন, জাতীয় পর্যায়ে থেকে ইউনিয়ন পর্যায় পর্যন্ত ০৭ (সাত)টি কমিটি গঠন করা হয়েছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য অধিদপ্তর ও আইইডিসিআর এ নিয়ন্ত্রণ কক্ষ চালু করা হয়েছে। বিদেশী সংস্থাগুলোর সাথে নিয়মিত যোগাযোগ চলছে। প্রোটোকল তৈরি করে সকলের নিকট (৩য় ভার্শন) প্রেরণ করা হয়েছে। ভূগমূল পর্যায় পর্যন্ত সকল স্তরের কর্মকর্তাগণ পরিশ্রম করছে। মাদারীপুরের শিবচর শহর লকডাউন করা হয়েছে। পরিস্থিতির অবনতি হলে তা আরো বিস্তৃত হতে পারে। আন্তর্জাতিক সকল ফ্লাইট প্রায় বন্ধ কিন্তু এখনো যুক্তরাজ্য, থাইল্যান্ড, সিঙ্গাপুর, হংকং এবং চায়না এর কিছু ফ্লাইট চালু আছে যা খুব শীঘ্রই বন্ধ করা দরকার। ডাক্তার ও নার্সদের আত্মবিশ্বাস বাড়ানো ও উন্নত প্রশিক্ষণ প্রদানের জন্য চীন থেকে অভিজ্ঞতা সম্পন্ন একটি মেডিকেল টিম আনার পরিকল্পনা আছে। পুলিশ ও বিজিবি সহ সংশ্লিষ্ট সকলকে হোম কোয়ারেন্টাইনের বিষয়টি শতভাগ নিশ্চিত করতে হবে। সকল স্থলবন্দর বন্ধ করতে হবে। মসজিদ, মন্দিরসহ সকল ধর্মীয় প্রতিষ্ঠানে গণজমায়েত বন্ধ করা খুবই জরুরি। বাসস্টেশন, রেলস্টেশন ও লঞ্চ টার্মিনালগুলো বন্ধ করতে হবে। বড় লঞ্চ/স্টীমার চলাচল বন্ধ করতে হবে। ঔষধ ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির দোকান ছাড়া অন্যান্য সকল দোকান, শপিংমল, চেইনশপ বন্ধ করতে হবে। করোনাভাইরাসের সংক্রমণ পরীক্ষার জন্য ৭টি নতুন টেস্টিং মেশিন আনা হয়েছে এগুলো দ্রুত স্থাপন করা হবে। পার্সোনাল প্রোটেকশন ইকুইপমেন্ট (পিপিই) সরবরাহ করা হচ্ছে। এ পরিস্থিতিতে উপস্থিত সকলের মতামত আহ্বান করেন।

১.৩. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ বলেন আলোচ্যসূচি ও Powerpoint Presentation থাকলে ভালো হতো। মন্ত্রী মহোদয় যা বলেছেন তার সাথে অনেক মন্ত্রণালয় জড়িত। স্বাস্থ্য মন্ত্রণালয় কি কি করছে তার একটি Statistical data থাকা দরকার ছিল। লকডাউন করলে বিবৃতি প্রতিক্রিয়া হতে পারে। আতংক সৃষ্টি করা যাবে না। হাসপাতাল ও ডাক্তারদের প্রস্তুত রাখতে হবে। এছাড়া কি পর্যায়ে/কোন ধরনের সমাবেশ বন্ধ করা হবে তা সুনির্দিষ্টভাবে জানা প্রয়োজন।

১.৪. সচিব, সুরক্ষা বিভাগ বলেন, পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাহায্যে আন্তর্জাতিক সকল ফ্লাইট বন্ধ করতে হবে। এ বিভাগ সকল স্থলবন্দর দিয়ে immigration বন্ধ করবে।

১.৫. সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় বলেন, বিমানবন্দরের মাধ্যমে করোনাভাইরাস দেশে এসেছে। এই মুহূর্তে যুক্তরাজ্য, হংকং, চীন, ব্যাংকক এর ফ্লাইট বন্ধ করার সিদ্ধান্ত প্রয়োজন। লকডাউন করার এখনই উপযুক্ত সময়। কিভাবে করা হবে সেই পন্থা নিয়ে আলোচনা করা দরকার।

১.৬. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বলেন, পরিস্থিতির অবনতি হচ্ছে। ধর্মীয় সমাবেশ বন্ধ করা হয়েছে। মসজিদের নামাজ এখনো বন্ধ হয়নি। খুব দ্রুত এ বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে। লকডাউন এর মতো কঠিন সিদ্ধান্ত নিতে হবে।

১.৭. সভাপতি, স্বাধীনতা চিকিৎসক পরিষদ বলেন, বর্তমান পরিস্থিতিতে Public Health expert দের সাহায্য নেয়া জরুরি।

১.৮. সভাপতি, বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন (বিএমএ) বলেন, স্বাস্থ্য মন্ত্রণালয়ের ভূমিকার কারণে infection অনেক কম। জাতীয় কমিটির মত বড় সভা না করে, Virtual যোগাযোগ করতে হবে। দ্রুত পিপিই সরবরাহ নিশ্চিত করতে হবে। লকডাউন নিয়ে দ্রুত সিদ্ধান্ত নেয়া জরুরি।

১.৯. বিশ্বস্বাস্থ্য সংস্থার প্রতিনিধি বলেন, করোনাভাইরাসের বিস্তার কমাতে হলে রোগী চিকিত্সা, আইসোলেশন এবং চিকিৎসা প্রদানের ব্যবস্থা রাখা দরকার। তাছাড়া ডেঞ্জু রোগের বিস্তার নিয়েও ভাবতে হবে।

১.১০. AFD এর প্রতিনিধি বলেন, আশকোনা হজ্জ ক্যাম্প বাংলাদেশ সেনাবাহিনীর তত্ত্বাবধানে রয়েছে। এটি আইসোলেশনের জন্য প্রস্তুত করতে হলে অনেক মন্ত্রণালয়/বিভাগের সমন্বয় জরুরি।

১.১১. এছাড়া জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান, বিভাগীয় কমিশনার ঢাকা, মহাপরিচালক স্বাস্থ্য অধিদপ্তর, মহাসচিব বিএমএ, মহাসচিব সচিব, জেলা প্রশাসক গাজীপুর বক্তব্য রাখেন।

২.০. করোনাভাইরাস বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	বিমান, নৌ ও স্থলবন্দরগুলো বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, নৌপরিবহন মন্ত্রণালয়
২.	ঔষধ ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির দোকান ব্যতিত অন্য দোকান, শপিংমল/চেইনশপ সাময়িকভাবে বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	বাণিজ্য মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৩.	বাস, ট্রেন, লঞ্চ, স্টীমারসহ সকল পাবলিক ট্রান্সপোর্ট চলাচলে বিশেষ ব্যবস্থা গ্রহণ করতে হবে। এসব যানবাহন যতটুকু সম্ভব সীমিত করতে হবে। প্রয়োজনে বন্ধের জন্য বিবেচনা করতে হবে।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, রেলপথ মন্ত্রণালয় ও নৌ পরিবহন মন্ত্রণালয়।
৪.	অফিস, কলকারখানা, গার্মেন্টস (অভ্যন্তরে কর্মীদের রেখে কাজ করাতে পারবে সেগুলো ব্যতিত) সাময়িকভাবে বন্ধ রাখা যায় কিনা তা যথাযথভাবে পর্যালোচনা করতে হবে।	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৫.	সব ধরনের ধর্মীয়, সামাজিক ও নির্বাচনী জনসমাগম বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, নির্বাচন কমিশন সচিবালয় এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৬.	মসজিদ, মন্দির, গির্জাসহ সকল ধর্মীয় প্রতিষ্ঠানে জামাতে/একত্রিতভাবে নামাজ আদায়/প্রার্থনায় বিশেষ সাবধানতা অবলম্বন করতে হবে।	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

৮.	বিনোদন কেন্দ্র যেমন- পার্ক, সমুদ্র সৈকত, সিনেমা হল বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	তথ্য মন্ত্রণালয় এবং বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
৯.	প্রাথমিক পর্যায়ে যেসব এলাকায় অধিকসংখ্যক করোনা আক্রান্ত রোগী পাওয়া যাবে সেগুলো লকডাউন করা যেতে পারে।	প্রধানমন্ত্রীর কার্যালয়
১০.	তুরাগ নদীর তীরে বিশ্ব ইজতেমার জন্য ব্যবহৃত মাঠটিতে কোয়ারেন্টাইনের সুবিধা সম্বলিত অস্থায়ী স্থাপনা নির্মাণসহ চিকিৎসা সেবা প্রদানের বিষয়টি পর্যালোচনা করতে হবে।	প্রতিরক্ষা মন্ত্রণালয় ও সশস্ত্র বাহিনী বিভাগ।
১১.	উত্তরা এ্যাপার্টমেন্ট প্রকল্পের ভবন এবং বিজিএমই এ ভবনটি কোয়ারেন্টাইন হিসাবে ব্যবহারের অনুমতি চেয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা যেতে পারে।	স্বাস্থ্য সেবা বিভাগ
১২.	উত্তরা ১৮নং সেক্টরে এ্যাপার্টমেন্ট প্রকল্পের নির্বাচিত ভবনের ফ্লাট এবং হজুক্যাম্পসহ অন্যান্য নির্ধারিত Isolation/Quarantine কেন্দ্রসমূহ সেনাবাহিনীর AFD'র তত্ত্বাবধানে দেয়া যেতে পারে।	স্বাস্থ্য সেবা বিভাগ
১৩.	করোনা মোকাবেলায় জরুরিভাবে মেডিকেল ইকুইপমেন্ট আমদানি এবং বকুরাষ্ট্র, উন্নয়ন সহযোগী ও প্রতিষ্ঠানের অনুদানের যন্ত্রপাতি ও ঔষধসামগ্রীর আগমনের ক্ষেত্রে প্রয়োজ্য Custom duty waiver বা Tax Exemption করার জন্য NBR কে অনুরোধ করা যেতে পারে।	স্বাস্থ্য সেবা বিভাগ
১৪.	স্বাস্থ্য সেবা কর্মীদের নিরাপত্তার জন্য স্থানীয়ভাবে এবং আন্তর্জাতিক বাজার থেকে জরুরিভাবে PPE সামগ্রীর মজুদ বৃদ্ধি করা যেতে পারে।	সিএমএসডি/স্বাস্থ্য অধিদপ্তর

আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-

তারিখ: ২৩/০৩/২০২০খ্রি:

(জাহিদ মালেক, এমপি)

মন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


স্মারক নং-৪৫.০০.০০০০.১৬০.৯৯.০০২.২০-২২২

তারিখঃ ২৩/০৩/২০২০খ্রিঃ

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে): সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

- (১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (২) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- (৩) সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৪) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৫) সিনিয়র সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৬) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৭) সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
- (৮) সিনিয়র সচিব, রেলপথ মন্ত্রণালয়, আব্দুল গণি রোড, ঢাকা।
- (৯) প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- (১০) সচিব, সুরক্ষাসেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (১১) সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

- (১৪) সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (১৫) সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (১৬) সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (১৭) সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (১৮) সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (১৯) সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (২০) মন্ত্রণালয়/বিভাগ।
- (২১) অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- (২২) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
- (২৩) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- (২৪) মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা, মহাখালী, ঢাকা।
- (২৫) বিভাগীয় কমিশনার, ঢাকা।
- (২৬) পুলিশ কমিশনার, ঢাকা মহানগর।
- (২৭) মহাপরিচালক, এনএসআই।
- (২৮) চেয়ারম্যান, বিআরটিসি।
- (২৯) ডিজিএমএস, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- (৩০) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন (বিএমএ), বিএমএ ভবন, তোপখানা রোড, ঢাকা।
- (৩১) সভাপতি/সাধারণ সম্পাদক, স্বাধীনতা চিকিৎসক পরিষদ (স্বাচিপ), ঢাকা।
- (৩২) মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
- (৩৩) জেলা প্রশাসক, গাজীপুর।
- (৩৪) প্রধান প্রকৌশলী, পিডব্লিউডি।
- (৩৫) পরিচালক, কেন্দ্রীয় ঔষধাগার (সিএমএসডি), তেজগাঁও, ঢাকা।
- (৩৬) বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা।
- (৩৭) পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- (৩৮) পরিচালক, সিডিসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- (৩৯) পরিচালক, আইইডিসিআর, মহাখালী, ঢাকা।


 (মোঃ আবু রায়হান মিয়া)
 উপসচিব
 ফোনঃ ৯৫৫৬৯৭৯

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- (১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- (২) সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- (৩) সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (তাকে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ এবং সংশ্লিষ্ট সকলের ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।
- (৪) অতিরিক্ত সচিব (সকল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- (৫) যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.mopa.gov.bd



নং-০৫.০০.০০০০.১১০.০০.০৪০.২০-৩৪৭

তারিখ: ১০ চৈত্র ১৪২৬
২৪ মার্চ ২০২০

বিষয়: করোনাভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধে সরকারি ছুটির দিনে কর্মস্থল ত্যাগ না করা।

মন্ত্রিপরিষদ বিভাগের ২২.০৩.২০২০ তারিখের ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯-১৪২ সংখ্যক স্মারকের আলোকে করোনাভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধ ও এর প্রাদুর্ভাবজনিত যেকোনো জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের লক্ষ্যে সরকার কর্তৃক ঘোষিত ২৬.০৩.২০২০ হতে ০৪.০৪.২০২০ তারিখ পর্যন্ত ছুটির সময়ে সকল মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীদেরকে নিজ নিজ কর্মস্থল ত্যাগ না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪.০৩.২০২০
(মো: এনামুল হক)
উপসচিব(প্রশাসন-১)
ফোন: ৯৫৪০২১৮
adminint@mopa.gov.bd

বিতরণ-সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব/সচিব, মন্ত্রণালয়/বিভাগ।
৩. রেজিস্ট্রার, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা/বিসিএস (প্রশাসন) একাডেমি, শাহবাগ, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৬. অতিরিক্ত সচিব (প্রশাসন/এপিডি/সিপিটি/বিধি/সওয়্য/শৃঙ্খলা ও তদন্ত/সংস্কার ও গবেষণা/আইন), জনপ্রশাসন মন্ত্রণালয় (তঁর অধীন শাখা/অধিশাখার কর্মকর্তা/কর্মচারীদেরকে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ)।
৭. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৮. পরিবহণ কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
৯. মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন, ৬৩, নিউ ইস্কাটন, ঢাকা।
১০. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় বহুল প্রচারের অনুরোধসহ)।
১১. পরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা।
১২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৩. সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪. সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব-সাইট এবং ভাইবার গ্রুপে প্রকাশের অনুরোধসহ)।
১৫. অফিস কপি/মাস্টার ফাইল।

একই নম্বর ও তারিখের স্মারকে স্থলাভিষিক্ত



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd




স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯-১৪২

তারিখ: ০৮ চৈত্র ১৪২৬
২২ মার্চ ২০২০

বিষয়: কর্মস্থলে সার্বক্ষণিক উপস্থিতি নিশ্চিতকরণ।

করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধ ও এর প্রাদুর্ভাবজনিত যেকোনো জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের লক্ষ্যে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারীগণের সার্বক্ষণিক কর্মস্থলে উপস্থিতি নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২২.০৬.২০২০
(মোহাম্মদ আমিনুল ইসলাম খান)
উপসচিব
ফোন: ৯৫৫১৪২৫
email: gfa_branch@cabinet.gov.bd

বিতরণ:

- ০১। প্রধানমন্ত্রীর মুখাসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ০২। সিনিয়র সচিব/সচিব..... মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
- ০৩। প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, ঢাকা।
- ০৪। বিভাগীয় কমিশনার (সকল)।
- ০৫। জেলা প্রশাসক (সকল)।
- ০৬। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ০৮। প্রোগ্রামার, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৯। অফিস কপি/মাস্টার কপি।



অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা
www.rthd.gov.bd

স্মারক নং-৩৫.০০.০০০০.০০৮.১৮.০০৪.১৫-৪৪৮

তারিখঃ ১১ চৈত্র ১৪২৬
২৫ মার্চ ২০২০

বিষয় : করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতিতে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা কর্তৃক বিভিন্ন পদক্ষেপ গ্রহণ।

সূত্র : ১. মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯-১৪২ তারিখঃ ২২.০৩.২০২০;
২. স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং-৪৫.০০.০০০০.১৬০.৯৯.০০২.২০.২২২ তারিখঃ ২৩.০৩.২০২০;
৩. জনপ্রশাসন মন্ত্রণালয় এর স্মারক নং-০৫.০০.০০০০.১১০.০০.০৪০.২০-৩৪৩ তারিখঃ ২৩.০৩.২০২০।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, বিশ্বের বিভিন্ন দেশে প্রাণঘাতী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর ব্যাপক সংক্রমণ ঘটছে। সম্প্রতি বাংলাদেশেও করোনা ভাইরাস সংক্রমিত হচ্ছে। এ মুহূর্তে যথাযথ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা না গেলে ভাইরাসটির সংক্রমণ ব্যাপকভাবে ছড়িয়ে পড়ার ঝুঁকি রয়েছে। ইতোমধ্যে এর ভয়াবহতা ও ঝুঁকি পর্যবেক্ষণ করে সরকার কর্তৃক সকল মন্ত্রণালয়/বিভাগ-কে সূত্রাধীন স্মারকসমূহে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়েছে। এ পরিস্থিতিতে করোনা ভাইরাস সংক্রমণ নিয়ন্ত্রণের লক্ষ্যে সময়ে সময়ে সরকার কর্তৃক জারিকৃত নির্দেশনার অনুসরণে এ বিভাগ হতে জনস্বার্থে অবিলম্বে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) করোনা ভাইরাস প্রতিরোধ ও এর প্রাদুর্ভাবজনিত যেকোন জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের লক্ষ্যে এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা'র মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারিগণের কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর নির্দেশনা অনুসরণে স্বাস্থ্য বিধি ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে সরকার গৃহীত যেকোন জরুরি কর্মসূচি/কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনে যথাযথ ভূমিকা পালন করতে হবে;
- (খ) করোনা ভাইরাসজনিত কারণে গণপরিবহন চলাচল নিয়ন্ত্রণ, জরুরি পণ্য পরিবহন ও অন্যান্য জরুরি পরিষেবা চালু রাখাসহ সরকারি নির্দেশনা অনুসরণ ও বাস্তব পরিস্থিতি পর্যবেক্ষণ করে বিআরটিএ হতে প্রযোজ্য আদেশ জারি করতে হবে। বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশনও প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- (গ) করোনা ভাইরাসজনিত কারণে মোটরযানের ফিটনেস, ট্যাক্স-টোকেন, বুট পারমিট, ড্রাইভিং লাইসেন্স নবায়ন ইত্যাদির নির্ধারিত ফি/কর পরিশোধ বিলম্বিত হলে জরিমানা মওকুফ সম্পর্কিত অর্থ বিভাগের সম্মতিক্রমে জারিকৃত এ সংক্রান্ত আদেশ অনুযায়ী গৃহীতব্য ব্যবস্থা জনসাধারণকে অবহিত করার নিমিত্ত প্রচার করতে হবে;
- (ঘ) সার্বিকভাবে দৈনন্দিন কার্যক্রম কোন কারণে ব্যাহত হলেও জরুরি পরিস্থিতিতে স্বাস্থ্য বিধি ও সামাজিক দূরত্ব যথাযথভাবে অনুসরণ করে চলাচল নির্বিলম্ব করার নিমিত্ত বাস্তব পরিস্থিতি বিবেচনায় এনে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন মহাসড়ক নেটওয়ার্কের জরুরি মেরামত, সংস্কার ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে;

(অপর পৃষ্ঠায় দৃষ্টব্য)




অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০০৮.১৮.০০৪.১৫-৪৫০

তারিখ: ১৬ বৈশাখ ১৪২৭
২৯ এপ্রিল ২০২০

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।



(মোহাঃ লিয়াকত আলী খান)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৮৪১২৮, ফ্যাক্সঃ ৯৫৮৫১৩৮

ই-মেইল: sasadmin@rthd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
- ০২। অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ০৩। নির্বাহী পরিচালক, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা।
- ০৪। চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা।
- ০৫। চেয়ারম্যান, বিআরটিসি, পরিবহন ভবন, রাজউক এভিনিউ, ঢাকা।
- ০৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল), প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, ঢাকা।
- ০৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপিঃ

- ০১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ উপসচিব, বিধি-৪ শাখা)।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।



অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা
www.rthd.gov.bd

স্মারক নং-৩৫.০০.০০০০.০০৮.১৮.০০৪.১৫-৪৪৮

তারিখঃ ১১ চৈত্র ১৪২৬
২৫ মার্চ ২০২০

বিষয় : করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতিতে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতাধীন
অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা কর্তৃক বিভিন্ন পদক্ষেপ গ্রহণ।

সূত্র : ১. মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১৩.০৭.০০১.১৯-১৪২ তারিখঃ ২২.০৩.২০২০;
২. স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং-৪৫.০০.০০০০.১৬০.৯৯.০০২.২০.২২২ তারিখঃ ২৩.০৩.২০২০;
৩. জনপ্রশাসন মন্ত্রণালয় এর স্মারক নং-০৫.০০.০০০০.১১০.০০.০৪০.২০-৩৪৩ তারিখঃ ২৩.০৩.২০২০।


উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, বিশ্বের বিভিন্ন দেশে প্রাণঘাতী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর ব্যাপক সংক্রমণ ঘটছে। সম্প্রতি বাংলাদেশেও করোনা ভাইরাস সংক্রমিত হচ্ছে। এ মুহূর্তে যথাযথ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা না গেলে ভাইরাসটির সংক্রমণ ব্যাপকভাবে ছড়িয়ে পড়ার ঝুঁকি রয়েছে। ইতোমধ্যে এর ভয়াবহতা ও ঝুঁকি পর্যবেক্ষণ করে সরকার কর্তৃক সকল মন্ত্রণালয়/বিভাগ-কে সূত্রাধীন স্মারকসমূহে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়েছে। এ পরিস্থিতিতে করোনা ভাইরাস সংক্রমণ নিয়ন্ত্রণের লক্ষ্যে সময়ে সময়ে সরকার কর্তৃক জারিকৃত নির্দেশনার অনুসরণে এ বিভাগ হতে জনস্বার্থে অবিলম্বে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (ক) করোনা ভাইরাস প্রতিরোধ ও এর প্রাদুর্ভাবজনিত যেকোন জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের লক্ষ্যে এ বিভাগের আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা'র মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারিগণের কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর নির্দেশনা অনুসরণে স্বাস্থ্য বিধি ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে সরকার গৃহীত যেকোন জরুরি কর্মসূচি/কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনে যথাযথ ভূমিকা পালন করতে হবে;
- (খ) করোনা ভাইরাসজনিত কারণে গণপরিবহন চলাচল নিয়ন্ত্রণ, জরুরি পণ্য পরিবহন ও অন্যান্য জরুরি পরিষেবা চালু রাখাসহ সরকারি নির্দেশনা অনুসরণ ও বাস্তব পরিস্থিতি পর্যবেক্ষণ করে বিআরটিএ হতে প্রয়োজ্য আদেশ জারি করতে হবে। বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশনও প্রয়োজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- (গ) করোনা ভাইরাসজনিত কারণে মোটরযানের ফিটনেস, ট্যাক্স-টোকেন, রুট পারমিট, ড্রাইভিং লাইসেন্স নবায়ন ইত্যাদির নির্ধারিত ফি/কর পরিশোধ বিলম্বিত হলে জরিমানা মওকুফ সম্পর্কিত অর্থ বিভাগের সম্মতিক্রমে জারিকৃত এ সংক্রান্ত আদেশ অনুযায়ী গৃহীতব্য ব্যবস্থা জনসাধারণকে অবহিত করার নিমিত্ত প্রচার করতে হবে;
- (ঘ) সার্বিকভাবে দৈনন্দিন কার্যক্রম কোন কারণে ব্যাহত হলেও জরুরি পরিস্থিতিতে স্বাস্থ্য বিধি ও সামাজিক দূরত্ব যথাযথভাবে অনুসরণ করে চলাচল নির্বিঘ্ন করার নিমিত্ত বাস্তব পরিস্থিতি বিবেচনায় এনে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাধীন মহাসড়ক নেটওয়ার্কের জরুরি মেরামত, সংস্কার ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে;

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

- (ঙ) যেকোন গুরুত্বপূর্ণ বিষয়ে কার্যক্রম গ্রহণের ক্ষেত্রে আওতাধীন সকল অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থার পক্ষ হতে ই-নথিতে প্রস্তাব উপস্থাপন ও অনুমোদন গ্রহণ করতে হবে এবং যেকোন জরুরি বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের প্রয়োজন হলে সরাসরি উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতে হবে।

সংযুক্তিঃ বর্ণনামতে।



(মোহাঃ লিয়াকত আলী খান)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৮৪১২৮, ফ্যাক্সঃ ৯৫৮৫১৩৮

ই-মেইল: sasadmin@rthd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৩. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা।
৪. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা।
৫. চেয়ারম্যান, বিআরটিসি, পরিবহন ভবন, রাজউক এভিনিউ, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল), প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, ঢাকা।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়।
৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৯. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।